

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রীর সহধর্মিণী বুলাহ আহম্মেদ এর মৃত্যুতে শ্রম প্রতিমন্ত্রীর শোক
ঢাকা (১৭ জানুয়ারি, ২০২১)

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমানের সহধর্মিণী এবং বাংলাদেশ মহিলা পরিষদের
শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক সম্পাদক বুলাহ আহম্মেদ এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ
করেছেন শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মনুজান সুফিয়ান।

প্রতিমন্ত্রী আজ এক শোকবার্তায় মরহমার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং তাঁর
শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

উল্লেখ্য, প্রখ্যাত কথাসাহিত্যিক শওকত ওসমানের পুত্রবধূ বুলাহ আহম্মেদ (৬৯) আজ রোববার
(১৭ জানুয়ারি) সকালে রাজধানীর সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) চিকিৎসাধীন
অবস্থায় মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি দীর্ঘদিন বার্ধক্যজনিত
রোগে ভুগছিলেন।

মো আকতারুল ইসলাম

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

মোবাইল নম্বর ০১৭১৮৮৫১৮৫১